



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং-ঢাশিবো/বি/৭১/মুসী/ ৭২৬

তারিখ: ০৫/০৭/২০২২ খ্রি:

বিষয়: বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব মো: এমদাদ হোসেন ঢালী এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সহ বোর্ডকে অবহিত করণ প্রসংগে।

- সূত্র: ১) প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব মো: এমদাদ হোসেন ঢালী কর্তৃক গত ২২/০৬/২০২২ তারিখ দাখিলকৃত আবেদন।
 ২) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর আদেশ।
 ৩) শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪ তারিখঃ-০৬-০৮-২০১৭ এর আদেশ।
 ৪) মহামান্য হাইকোর্টের রিট নং-১৮৬১৬/২০১৭ তারিখঃ-০৯/০৯/২০২১ এর আদেশ।
 ৫) জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ কর্তৃক স্মারক নং: ডিইও/মুসী/২০২২/১৫৫৮, তারিখ: ২৫/০৫/২০২২ এর মাধ্যমে প্রেরিত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলার টঙ্গীবাড়ী উপজেলাধীন “হাজী আব্দুল গনি আব্দুল করিম উচ্চ বিদ্যালয়” এর প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব এমদাদ হোসেন ঢালী- কে এডহক কমিটি কর্তৃক গত ২৩/০৬/২০০৪ তারিখে বিধি বর্হিতভূত ভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে সূত্রোক্ত (১) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে বোর্ডকে অবহিত করেছেন।

সূত্রোক্ত (২) ও (৩) ক্রমিকে উল্লিখিত পত্রের আদেশ মোতাবেক বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০(ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতা সমুদয় প্রাপ্য হবেন।

সর্বশেষ সূত্রোক্ত (৪) ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্টের রিট নং-১৮৬১৬/২০১৭ তারিখঃ-০৯/০৯/২০২১ এর আদেশ মোতাবেক কোন স্বীকৃত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক কে সাময়িক বরখাস্তের তারিখ থেকে ১৮০ (একশত আশি) কার্যদিবসের মধ্যে তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে কার্যধারা শুরু করতে হবে, এতে ব্যর্থ হলে কার্যধারা স্থগিত/সমাপ্ত হবে এবং তাকে একই পদে পুনঃপ্রতিষ্ঠিত করা হবে এবং সমস্ত বেতন অন্যান্য সুবিধা প্রাপ্ত হবেন।

সূত্রোক্ত (৫) নং ক্রমিকে উল্লিখিত জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ কর্তৃক স্মারক নং: ডিইও/মুসী/২০২২/১৫৫৮, তারিখ: ২৫/০৫/২০২২ এর মাধ্যমে প্রেরিত তদন্ত প্রতিবেদনে প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব এমদাদ হোসেন ঢালীর বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ মিথ্যা ও বানোয়াট হিসাবে তদন্তে তদন্তকারী কর্মকর্তা উল্লেখ করেছেন। তাঁর সাময়িক বরখাস্ত বিধি সম্মত নয় বিধায় অতি সত্ত্বর সাময়িক বরখাস্তের আদেশটি প্রত্যাহার পূর্বক স্বপদে পুনর্বহালের জন্য সুপারিশ করেছেন।

এমতাবস্থায়, বিদ্যালয়ে কোন কমিটি না থাকায় প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব এমদাদ হোসেন ঢালী এর বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিধায় আপনার সহযোগিতা প্রয়োজন।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

৩৪।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

উপজেলা নির্বাহী অফিসার
টঙ্গীবাড়ী, মুন্সীগঞ্জ।

মেমো নং-৭২৬ (৫)

তারিখ: ০৫/০৭/২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ২। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ৩। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), হাজী আব্দুল গনি আব্দুল করিম উচ্চ বিদ্যালয়, টঙ্গীবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৪। জনাব মো: এমদাদ হোসেন ঢালী, প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত), হাজী আব্দুল গনি আব্দুল করিম উচ্চ বিদ্যালয়, টঙ্গীবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৫। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।